দৈনিক জনকণ্ঠ

26 2002
তারিখ
পৃষ্ঠা ৩ কলাম ৩

# ঢাকা বিশ্ববিদ্যালয় রেজিস্টার্ড গ্র্যাজুয়েট এ্যাসোসিয়েশন গঠিত

সম্প্রতি ঢাকা বিশ্ববিদ্যালয় রেজিস্টার্ড গ্র্যাজুয়েটদের এক সভায় "ঢাকা বিশ্ববিদ্যালয় রেজিস্টার্ড গ্র্যাজুয়েটস এ্যাসোসিয়েশন" গঠিত হয়। বিশ্ববিদ্যালয় সিনেট নির্বাচনকে রাজনৈতিক প্রভাবমুক্ত করা, বিশ্ববিদ্যালয়ের ঐতিহ্য রক্ষা ও শিক্ষা-মান বৃদ্ধিতে সহায়ক শক্তি হিসাবে কাজ করার লক্ষ্যে এই এ্যাসোসিয়েশন গঠিত হয়। বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস পত্রিকা কার্যালয়ে অনুষ্ঠিত সভায় সর্বসম্মতিক্রমে ভিকারুননিসা কলেজের অধ্যক্ষ হামিদা আলীকে আহ্বায়ক এবং বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস পত্রিকার সম্পাদক এম হেলালকে সদস্য সচিব করে ১৫ সদস্যের একটি আহ্বায়ক কমিটি গঠিত হয় এবং সাবেক ছাত্রনেতা এএফ শাহেদ আলীকে আহ্বায়ক করে গঠনতন্ত্র প্রণয়ন কমিটি গঠিত হয়। এ্যাসোসিয়েশনের সদস্য হতে আগ্রহী ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন ছাত্রছাত্রীদের এ্যাসোসিয়েশনের বর্তমান কার্যালয় ৩৩ তোপখানা রোড, মেহেরবা প্লাজা (১৩ তলা), ঢাকা-১০০০। ফোন ঃ ৯৫৫০০৫৫, ৯৫৬০২২৫-এ যোগাযোগ করার জন্য অনুরোধ জানানো হয়েছে। —প্রেস বিজ্ঞপ্তি।